



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ ষ্ট তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax- 8189029

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৩৪৯.১৫-৭৪৬


তারিখঃ ২৪/১০/২০১৭ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের অনুমোদন।

- সূত্রঃ ১. উপপরিচালক, সাতক্ষীরা স্মারক নং-৪৭.৬২.৮৭.০০.৮৬৩.১৬.০৯২.১৩-১০৫২ তারিখঃ ২২/১০/২০১৭ খ্রিঃ
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সদর, সাতক্ষীরা স্মারক নং-৪৭.৬২.৮৭৮২.১০০.১৮.০০৩.১৪-২২৮ তারিখঃ ২২/১০/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, অত্র প্রকল্পের আওতায় সাতক্ষীরা জেলার সাতক্ষীরা সদর উপজেলার পুরাতন সাতক্ষীরা মাদ্রাসা পাড়া মহিলা সমিতির গ্রাজুয়েট সদস্য জনাব মোছাঃ মারুফা খাতুন স্বামীঃ মোঃ ইব্রাহিম হোসেন “মুরগী খামার” আইজিএ এর উপর ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের জন্য একটি প্রকল্প প্রস্তাব দাখিল করেছেন। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা সরেজমিনে পরিদর্শন পূর্বক ১,৫০,০০০.০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ প্রদানের সুপারিশ এবং উপপরিচালক, বিআরডিবি, সাতক্ষীরা কর্তৃক প্রস্তাবটি অনুমোদনের সুপারিশ করার প্রেক্ষিতে বর্ণিত প্রকল্প প্রস্তাবের সার্বিক বিষয় বিবেচনা করে নিম্নোক্ত শর্তে ১,৫০,০০০.০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ অনুমোদন করা হলোঃ

- ১। উদ্যোক্তা সদস্যকে প্রস্তাবিত প্রকল্প ব্যয়ের অবশিষ্ট অংশ নিজে নির্বাহ করতে হবে;
- ২। চাহিত ঋণের ন্যূনতম সমপরিমাণ মূল্যের স্থায়ী সম্পত্তির দলিল মরগেজ হিসেবে দাখিল করতে হবে (সাব রেজিস্ট্রি অফিসের মাধ্যমে মরগেজ করতে হবে) ; যদি ঋণী সদস্যের নিজ নামে কোন সম্পত্তি না থাকে তাহলে তার স্বামী/পিতার সম্পত্তির দলিল মরগেজ হিসেবে রাখতে হবে এবং তা শর্ত-৪ এ উল্লেখিত চুক্তিপত্রে বিষয়টি অর্ন্তভুক্ত করে সদস্য ও তার স্বামী/পিতার সাথে চুক্তিপত্র সম্পাদন করতে হবে;
- ৩। উদ্যোক্তা সদস্যের পরিবারের সদস্য নয় এরূপ একজন বিশিষ্ট ব্যক্তির ঋণের জামিনদার হিসেবে সম্মতিপত্র দাখিল করতে হবে;
- ৪। ৩০০.০০ (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি পত্র সম্পাদন করতে হবে;
- ৫। উপপরিচালক, বিআরডিবি সাতক্ষীরা বর্ণিত ঋণের আদায় কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণসহ তদারকি করবেন;
- ৬। আবেদনকৃত ঋণের ন্যূনতম ১৫% সঞ্চয় জমা থাকতে হবে, বিশেষ ক্ষেত্রে ১০% সঞ্চয় জমার বিষয়টি বিবেচনা করা যেতে পারে;
- ৭। সাপ্তাহিক কিস্তিতে ঋণ আদায় নিশ্চিত করতে হবে;
- ৮। মঞ্জুরীকৃত ঋণ সদস্যের নামে ক্রেস চেকে প্রদান করতে হবে;
- ৯। উদ্যোক্তা ঋণ প্রদানের সকল নীতিমালা অনুসরণ করতে হবে।


(প্রকৌশলী মোহাম্মদ মাসুদ আলম)
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।


উপপরিচালক
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
সাতক্ষীরা।

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৩৪৯.১৫-

তারিখঃ ২৪/১০/২০১৭ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ সাতক্ষীরা সদর, জেলাঃ সাতক্ষীরা।
- ২। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), উপজেলাঃ সাতক্ষীরা সদর, জেলাঃ সাতক্ষীরা।
- ৩। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৫। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৬। অফিস কপি।


(মোঃ হাবিবুর রহমান হাবিব)
সহকারী পরিচালক (উন্নয়ন)
ইরেসপো, বিআরডিবি, ঢাকা